



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/ব্রাহ্মণবাড়িয়া-৪৬/১২৬

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৪ জুন ২০২৬

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

- সূত্র: ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক ৫৭.১৬.০০০০.০০৯.৯৯.০২০.২১.১৪৬৩ তারিখ: ২৪ নভেম্বর ২০২৫ খ্রি.
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশা/৩৩০২৫১০৩২৭৯১/১১৮৮৫৪ তারিখ: ২৯-০৯-২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর উপজেলাধীন আউলিয়ানগর মোহাম্মদীয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোঃ আবদুল হক আল আজাদ এর বিরুদ্ধে যৌন হয়রানি, আর্থিক অনিয়ম ও দুর্নীতির অভিযোগে চাকুরি থেকে চূড়ান্ত বরখাস্ত অনুমোদনের বিষয়টি বিগত ১০.১১.২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত আপিল ও সালিশ কমিটির সভায় উপস্থাপন করা হয়। সভায় বাদী ও বিবাদীর উপস্থিতিতে অধ্যক্ষের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তার চূড়ান্ত বরখাস্ত সংক্রান্ত আবেদনটি খারিজ করার সিদ্ধান্ত গৃহীত হয় মর্মে মাদ্রাসার সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ কে সূত্রোক্ত ১ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। পত্রের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত অধ্যক্ষ বিষয়টি ০৮.০৪.২০২৬ খ্রি. তারিখে গভর্নিং বডি'র সভায় উপস্থাপন করেছেন এবং সভাপতি আমলে না নেওয়ার কারণে কোন কার্যকরি ব্যবস্থা গ্রহণ বা বাস্তবায়ন করা সম্ভব হয়নি বলে উল্লেখ করেন। উক্ত বিষয়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষ অপারগতা প্রকাশ করেছেন এবং অনেক চাপে আছে বলে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায়, সূত্রোক্ত ১ নং স্মারকের আপিল ও সালিশ কমিটির আদেশ বাস্তবায়ন না করায় সূত্রোক্ত ২ নং স্মারকের বোর্ড কর্তৃক অনুমোদিত গভর্নিং বডি কেন ভেঙ্গে দেয়া হবে না সে বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যা পত্র জারির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

পrofesor এস এম হুসাইন জামান
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

১৪/৬/২৬

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১। সভাপতি

আওলিয়ানগর মোহাম্মদীয়া আলিম মাদ্রাসা
ডাকঘর: মুকুন্দপুর, উপজেলা: বিজয়নগর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া;

২। ভারপ্রাপ্ত অধ্যক্ষ

আওলিয়ানগর মোহাম্মদীয়া আলিম মাদ্রাসা
ডাকঘর: মুকুন্দপুর, উপজেলা: বিজয়নগর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া;

নং-বামাশিবো/প্রশাসন/ব্রাহ্মণবাড়িয়া-৪৬/১২৬

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৪ জুন ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া;
২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া;
৩. জেলা শিক্ষা অফিসার, ব্রাহ্মণবাড়িয়া;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া;
৫. সদস্যবৃন্দ, আওলিয়ানগর মোহাম্মদীয়া আলিম মাদ্রাসা কমিটি, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া;
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

১৪.০৬.২৬

মোঃ আব্দুর রশিদ

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd